# বহির্বিভাগের রোগীদের অধিকার

অফিস অভ মেন্টাল হেলথ (মানসিক স্বাস্থ্য দপ্তর)-এর লাইসেন্সে থাকা অথবা এই অফিস পরিচালিত সমস্ত বহির্বিভাগীয় রোগীদের প্রোগ্রামে (OUTPATIENT PROGRAMS)

NEW YORK STATE OF OPPORTUNITY. | অফিস অভ মেন্টাল হেলথ (মানসিক স্বাস্থ্য দপ্তর)

## মানসিক স্বাস্থ্য কমিশনারের থেকে

নিউ ইয়র্ক স্টেট অফিস অভ মেন্টাল হেলথ (নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য দপ্তর)-এ আমাদের গুরুত্বপূর্ণ ভূমিকাগুলির মধ্যে একটি হল মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার বিষয়ে মানুষদের পছন্দ এবং সিদ্ধান্ত নিতে পারার জন্য অর্থপূর্ণ তথ্য প্রদান করা। আমরা আশা করি যে বহির্বিভাগীয় রোগীদের অধিকার সম্পর্কিত জ্ঞান মানসিক স্বাস্থ্য পরিষেবা ব্যবহারকারী মানুষদের সাথে, পরিবারের সদস্য, কর্মী এবং কমিউনিটির সদস্যদের মধ্যে সম্মানজনক সুসম্পর্ক গড়ে তুলতে সাহায্য করবে।

ডক্টর অ্যান মারি টি. সুলিভান (Dr. Ann Marie T. Sullivan)
কমিশনার
নিউ ইয়র্ক স্টেট অফিস অভ মেন্টাল হেলথ (New York State Office of Mental Health)

## আউটপেশেন্ট মেন্টাল হেলথ প্রোগ্রামে (বহির্বিভাগীয় মানসিক স্বাস্থ্য প্রোগ্রাম) থাকা ব্যক্তিদের অধিকার আইন এবং নিয়ম উভয় দ্বারাই সুরক্ষিত।

স্টেট অফিস অভ মেন্টাল হেলথ (OMH) বহির্বিভাগীয় রোগীদের প্রোগ্রামের লাইসেন্স প্রদান করে, যার মধ্যে অসীমাবদ্ধরূপে অন্তর্ভুক্ত রয়েছে ক্লিনিক, শিশুদের জন্য দিনেরবেলার চিকিৎসা, নিবিড় মানসিক পুনর্বাসন চিকিৎসা, আংশিক হাসপাতালে ভর্তির সুবিধা, অ্যাসার্টিভ কমিউনিটি ট্রিটমেন্ট (ACT) এবং ব্যক্তিগতকৃত পুনরুদ্ধার সম্পর্কিত পরিষেবা (Personalized Recovery Oriented Services-PROS)। এই লাইসেন্সগুলির অধীনে, সুবিধা ভিত্তিক এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবাগুলির বিন্যাস পাওয়া যায়।

একটি মানসিক চিকিৎসা প্রোগ্রামে অংশগ্রহণ করার অর্থ এই নয় যে আপনি মানসিকভাবে অক্ষম বা নাগরিকদের প্রদত্ত অধিকারে আপনার সীমাবদ্ধতা রয়েছে। আপনি বহির্বিভাগীয় রোগীদের প্রোগ্রামে অংশগ্রহণ করলেও নির্দিষ্ট নাগরিক অধিকার সুরক্ষিত থাকে। এতে নির্বাচনে নিবন্ধন করার এবং ভোট দেওয়ার, পারমিট এবং লাইসেন্সের জন্য আবেদন করার, সিভিল সার্ভিস পরীক্ষা নেওয়া এবং চাকরির জন্য আবেদন করার এবং যোগ্যতা থাকলে বৈষম্য ছাড়াই নিয়োগের অধিকার অন্তর্ভুক্ত রয়েছে।

এই আইনের অধীনে আপনার সমস্ত কর্মীদের দ্বারা গোপনীয়ভাবে এবং সম্মান ও মর্যাদাজনক আচরণ পাওয়ার অধিকার রয়েছে। চিকিৎসার সাথে অসম্পর্কিত জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, জাতীয় উৎস, বয়স, বৈবাহিক অবস্থা, অক্ষমতা, যৌন অভিযোজন এবং লিঙ্গ পরিচয়ের কারণে চিকিৎসা বা প্রোগ্রামের অ্যাক্সেস সীমিত বা অস্বীকার করা যাবে না। আপনি যদি মনে করেন যে এই কারণে আপনার প্রতি বৈষম্য করা হচ্ছে - অথবা যদি আপনি বিশ্বাস করেন যে আপনি মানসিক, মৌখিক, শারীরিক বা যৌন নির্যাতনের শিকার – সেক্ষেত্রে এই পুস্তিকায় জানতে পারবেন আপনি কোথায় সামাজিক অভিযোগ দায়ের করতে পারেন।

"স্বাস্থ্য পরিচর্যা প্রক্সি" বা "আগাম নির্দেশিকা" -এর জন্য অন্যান্য নাগরিকদের মতো আপনারও একই অধিকার রয়েছে। যেহেতু কিছু লোকের মানসিক অসুস্থতার পুনরাবৃত্তি হয়, এই নথিগুলি মানসিক স্বাস্থ্য পরিষেবা ব্যবহারকারীদের জন্য বিশেষ আগ্রহের কারণ পারে। নথিগুলি আপনাকে আপনার ভবিষ্যত চিকিৎসা সম্পর্কে নির্দেশাবলী প্রদানের অনুমতি দেয়, আপনি চিকিৎসার সময় নির্দেশনা দিতে অক্ষম হলে পরে এটি ব্যবহার করা হবে।

# সাধারণ তথ্য

আপনি বহির্বিভাগীয় রোগীদের প্রোগ্রামে ভর্তি হলে বা তার কিছু পরে, আপনাকে অবশ্যই আপনার অধিকার সম্পর্কে অবহিত করতে হবে। আপনার অধিকারগুলি শাস্তি হিসাবে বা স্টাফ লোকেদের সুবিধার জন্য সীমাবদ্ধ নাও হতে পারে এবং একজন চিকিৎসক দ্বারা নির্দিষ্ট আদেশ না থাকলে তা সীমাবদ্ধ নাও হতে পারে। আপনার অধিকারের উপর যেকোনো বিধিনিষেধ কার্যকর হওয়ার আগেই অবশ্যই আপনার সাথে আলোচনা করা উচিত এবং অর্ডারটি আপনার ক্লিনিকাল রেকর্ডে রাখতে হবে। অর্ডারটিতে সীমাবদ্ধতার ক্লিনিকাল ন্যায্যতা এবং এটি কার্যকর থাকার নির্দিষ্ট সময়কাল অবশ্যই উল্লেখ করতে হবে।

এই অধিকারগুলির মধ্যে পড়ে:

- কর্মী ও অন্যান্য আবাসিকদের দ্বারা নির্যাতন ও দুর্ব্যবহার না পাওয়ার অধিকার।
- বাথরুমের গোপনীয়তা সহ যুক্তিসঙ্গত মাত্রার গোপনীয়তা রক্ষার অধিকার।
- একটি স্বতন্ত্র পরিষেবা প্ল্যানের অধিকার, প্রদত্ত পরিষেবাগুলির সম্পূর্ণ ব্যাখ্যা এবং আপনার ব্যক্তিগতকৃত পরিষেবা পরিকল্পনা বিকাশে অংশগ্রহণের অধিকার।
- প্রদানকারীর বিষয়ে অভিযোগের নীতি এবং পদ্ধতি সম্পর্কে অবহিত হওয়ার অধিকার এবং প্রোগ্রামের পরিচালক বা এই পুস্তিকাটির পিছনে তালিকাভুক্ত সংস্থার কাছে কোনও প্রশ্ন বা অভিযোগ করার অধিকার।
- আপনার চাহিদার উপযোগী এবং দক্ষতা, সুরক্ষা ও মানবিকতার সঙ্গে আপনার সম্মান ও ব্যক্তিগত সততার প্রতি পূর্ণ শ্রদ্ধা সহ পরিচর্যা ও চিকিৎসা পাওয়ার অধিকার।
- আপনার সাংস্কৃতিক পরিবেশকে স্বীকার এবং সম্মানকারী আচরণ পাওয়ার অধিকার।

একটি পৃথক বিভাগে, আপনার বহির্বিভাগীয় রোগীর প্রোগ্রাম আপনাকে এই অতিরিক্ত উপাদান সম্পর্কে অবহিত করতে পারে, যদিও সেগুলি আইন বা প্রবিধানে উল্লিখিত অধিকার নয়:

- প্রাথমিক দায়িত্বে থাকা স্টাফ সদস্যের নাম, উদাহরণস্বরূপ, আপনার প্রধান যোগাযোগ ব্যক্তি বা ব্যক্তিগত পরিষেবা কো-অরডিনেটর হিসাবে থাকা ব্যক্তির নাম।
- আপনার জন্য উপলব্ধ বিকল্প চিকিৎসা।
- আপনার প্রোগ্রামে আচরণের নিয়ম।
- চিকিৎসার খরচ।
- প্রোগ্রামে আপনি কতক্ষণ থাকতে পারবেন তার সময়সীমা, যদি থাকে।

- অতিরিক্ত পরিষেবা বিষয়ে অন্যান্য সংস্থার সাথে প্রোগ্রামের সম্পর্ক।
- প্রোগ্রামের অর্থায়নের উৎস।
- যে কর্তৃপক্ষের অধীনে প্রোগ্রামটি পরিচালিত হয়।

## অংশগ্রহণ এবং আপত্তি

বেশিরভাগ লোকের কাছে, বহির্বিভাগীয় রোগীদের প্রোগ্রামে অংশগ্রহণ করা একটি স্বেচ্ছাসেবী কাজ। মাঝে মাঝে কাউকে আদালতের দ্বারা সহায়তাকৃত বহিরাগত রোগীর চিকিৎসা কার্যক্রমের অংশ হিসাবে (Assisted Outpatient Treatment Program) (এটি কেন্দ্রার আইন (Kendra's Law) নামেও পরিচিত) বা জেল থেকে প্যারোলের শর্ত হিসাবে বহির্বিভাগীয় রোগীদের পরিষেবার আদেশ দেওয়া হয়। প্রোগ্রামে আপনার সম্পূর্ণ অংশগ্রহণ একটি কেন্দ্রীয় লক্ষ্য, আপনি যদি আপনার স্বতন্ত্র পরিষেবা পরিকল্পনায় আপত্তি করেন, অথবা যদি এতে আপনি সন্তুষ্ট না হন এবং আপনি এটি পরিবর্তন করতে চান, সেক্ষেত্রে এটি আপনাকে প্রোগ্রাম থেকে মুক্ত করার কারণ হিসাবে বিবেচিত হবে না। পর্যায়ক্রমে, আপনি আপনার অগ্রগতি দেখার জন্য স্টাফদের সাথে আপনার পরিকল্পনা পর্যালোচনা করতে পারেন। অংশগ্রহণ চিকিৎসাগতভাবে উপযুক্ত না হলে অথবা আপনি যদি এমন আচরণে লিপ্ত হন যা নিজের বা অন্যদের শারীরিক ক্ষতির ঝুঁকি সৃষ্টি করে তাহলে আপনাকে ছাড়া যেতে পারে। আপনি গবেষণা প্রকল্পে অংশগ্রহণ করবেন কিনা সে বিষয়ে অবগত পছন্দ করার অধিকার আপনার আছে। এর মধ্যে নতুন ওষুধ, একজন ইন্টারভিউয়ার বা প্রশ্নমালা দ্বারা উত্থাপিত প্রশ্নগুলির সিরিজ অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনি অংশগ্রহণে অস্বীকার করলে, একটি প্রোগ্রাম আপনাকে অন্যান্য চিকিৎসা অস্বীকারের জন্য ভিত্তি হিসাবে এটি ব্যবহার করতে পারে না। আপনি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিলে, আপনার স্বাক্ষরিত অবহিত সম্মতিপত্র প্রয়োজন।

## গোপনীয়তা এবং অজ্ঞাততা

এই আইনে চিকিৎসার সময় আপনার গোপনীয়তা এবং অজ্ঞাত থাকার অধিকার রক্ষিত হয়। এর মধ্যে আপনার এবং পরিষেবা প্রদানকারী স্টাফদের মধ্যে কথোপকথন এবং আপনার রেকর্ডে থাকা তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। অফিস অভ মেন্টাল হেলথ (মানসিক স্বাস্থ্যের অফিস) আপনাকে গোপনীয়তার একটি পৃথক বিজ্ঞপ্তি প্রদান করবে যাতে আপনি জানবেন আমরা কীভাবে আপনার গোপনীয় মানসিক স্বাস্থ্য চিকিৎসার তথ্য ব্যবহার এবং প্রকাশ করি। এটি আপনাকেও বলবে যে আপনার মানসিক স্বাস্থ্য চিকিৎসার তথ্যের বিষয়ে আপনার অধিকার কী এবং আমরা কীভাবে আপনার চিকিৎসার রেকর্ড ব্যবহার করেছি বা শেয়ার করেছি সে সম্পর্কে আপনার কোনো প্রশ্ন বা অভিযোগ থাকলে আপনি কার সাথে যোগাযোগ করতে পারেন।

সাধারণত, আপনার লিখিত সম্মতি ছাড়া আপনার চিকিৎসা রেকর্ডের তথ্য প্রকাশ করা যাবে না। সীমিত পরিস্থিতিতে, তবে, আইন কিছু ব্যক্তি, সরকারী সংস্থা বা প্রদানকারী সংস্থাকে রেকর্ড বা তথ্য প্রকাশের অনুমতি দিতে পারে বা প্রয়োজন হতে পারে। বেশিরভাগ প্রকাশগুলি আপনার রেকর্ডে নোট করা হবে, এবং অনুরোধের ভিত্তিতে সেগুলি সম্পর্কে আপনার জানার অধিকার আছে। আইন অনুসারে মেন্টাল হাইজিন

লিগ্যাল সার্ভিস, পরিচর্যা পর্যালোচকদের গুণমান বা পেমেন্ট নিয়ে কাজ করা সরকারি আর্থিক এজেন্টদের কাছে রেকর্ড প্রকাশ করার সময় নোটেশন রাখতে হয় না। আইনটি আরও জানায় যে স্টেট বীমা আইনের অধীনে লাইসেন্সপ্রাপ্ত বীমা কোম্পানিগুলিতে করা প্রকাশের জন্য, এই ধরনের একটি নোটেশন শুধুমাত্র প্রথম প্রকাশের সময় দিতে হবে।

## রেকর্ড অ্যাক্সেস করা

আপনি লিখিত অনুরোধ জমা দিলে আপনাকে অবশ্যই আপনার ক্লিনিকাল রেকর্ড পরিদর্শনের সুযোগ দেওয়া হবে। আইন অনুসারে ক্লিনিকাল ন্যায্যতার উপর ভিত্তি করে এই অ্যাক্সেসে কিছু সীমাবদ্ধতা আরোপ করে। এছাড়াও, চিকিৎসক আপনার চিকিৎসা রেকর্ড নিয়ে আলোচনা করুন সেই অনুরোধ করার অধিকার আপনার রয়েছে।

আপনি যদি একটি পরিদর্শন বা আপনার রেকর্ডের একটি অনুলিপির অনুরোধ করেন, প্রোগ্রাম যুক্তিসঙ্গত চার্জ আরোপ করতে পারে। চার্জটি এই পরিষেবার আসল প্রোগ্রামের খরচের চেয়ে বেশি হতে পারে না। কোনও ক্ষেত্রেই একটি প্রোগ্রাম প্রতি পৃষ্ঠায় 75 সেন্টের বেশি চার্জ করতে পারে না।

আপনি যদি আপনার রেকর্ডের কিছু অংশের সাথে একমত না হন তবে আপনি রেকর্ডের সাথে স্থায়ীভাবে সংযুক্ত করার জন্য রেকর্ডের তথ্যকে চ্যালেঞ্জ করে একটি লিখিত বিবৃতি জমা দিতে পারেন।

আপনি আপনার রেকর্ড অন্য কোনো পরিষেবা প্রদানকারী বা আপনার অ্যাটর্নির কাছে পাঠানোর জন্য বলতে পারেন। আপনার বয়স 18 বছরের কম হলে, আপনার অভিভাবক বা আইনি অভিভাবক এই অনুরোধ করতে পারেন।

## সমস্যা বা অভিযোগ

কিভাবে অভিযোগ করতে হবে সে সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার আছে। পরিষেবা প্রদানকারীকে অবশ্যই ভর্তির সময় প্রত্যেক ব্যক্তিকে প্রাপকের অধিকারের নোটিশ দিতে হবে এবং অধিকারগুলি সহজে অ্যাক্সেসযোগ্য স্থানে পোস্ট করতে হবে।

আপনার যদি কোনো সমস্যা বা অভিযোগ থাকে, তাহলে যে ব্যক্তি প্রোগ্রামটি চালাচ্ছেন তিনি আপনার অধিকার সুরক্ষিত আছে তা নিশ্চিত করার জন্য দায়ী থাকবেন। যদি এটি কাজ না করে, বা অনুপযুক্ত হয়, তবে অন্যান্য সাহায্যকারী সংস্থা আছে।

## সহায়তার জন্য

*একজন স্টাফ সদস্য, যেমন ব্যক্তিগত পরিষেবা কো-অরডিনেটর বা প্রধান যোগাযোগের ব্যক্তি, বা প্রোগ্রামের পরিচালক।*

নিউ ইয়র্ক স্টেট অফিস অভ মেন্টাল হেলথ
44 Holland Ave., Albany, NY 12229
টোল ফ্রি: (800) 597-8481, En Espanol: (800) 210-6456

দ্য জাস্টিস সেন্টার
161 Delaware Ave, Delmar, NY 12054, (855) 373-2122

প্রোটেকশন অ্যান্ড অ্যাডভোকেসি সিস্টেম অ্যান্ড ক্লায়েন্ট অ্যাসিস্টেন্স প্রোগ্রাম
ডিজঅ্যাবিলিটি রাইটস NY
725 Broadway, Suite 450, Albany, NY 12207, (800) 993-8982

মানসিক স্বাস্থ্যবিধির আইনি পরিষেবা (Mental Hygiene Legal Service)

- ফার্স্ট জুডিশিয়াল ডিপার্টমেন্ট
  41 Madison Ave, 26th floor, New York, NY 10010, (212) 779-1734
- সেকেন্ড জুডিশিয়াল ডিপার্টমেন্ট
  170 Old Country Road, Mineola, NY 11501, (516) 746-4545
- থার্ড জুডিশিয়াল ডিপার্টমেন্ট
  40 Steuben Street, Suite 501, Albany, NY 12207, (518) 474-4453
- ফোরথ জুডিশিয়াল ডিপার্টমেন্ট
  50 East Ave., Suite 402, Rochester, NY 14604, (585) 530-3050

ন্যাশনাল অ্যালায়েন্স ফর দ্য মেন্টালি ইল অভ নিউ ইয়র্ক স্টেট
99 Pine Street, Suite 302, Albany, NY 12207, (800) 950-3228

যৌথ কমিশনের সাথে যোগাযোগ করতে বা এই সংস্থা সম্পর্কে উদ্বেগ জানাতে, কল করুন (800) 994-6610 বা ইমেল করুন এখানে complaint@jointcommission.org.

এই পুস্তিকাটির অতিরিক্ত কপির জন্য, আপনার অনুরোধ এখানে ফ্যাক্স করুন:
Utica Print Shop (315) 735-5041

সর্বশেষ সংশোধিত: মার্চ 2017